

ঈদোত্তর শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠান

আজ ঢাকার ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে সকাল ১০.৩০ টায় মন্ত্রণালয়ে পবিত্র ঈদুল আযহা উদ্‌যাপন শেষে ঈদোত্তর শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নূরুল ইসলাম বিএসসি। মন্ত্রী ঈদোত্তর শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে উপস্থিত সকলকে ঈদ মোবারক ও শুভেচ্ছা জানান। তিনি বলেন, মহান আল্লাহ তায়ালার কাছে শুকরিয়া করছি যে, আমরা সবাই ঈদ উদ্‌যাপন শেষে নিরাপদে কর্মস্থলে ফিরে কাজ শুরু করতে পেরেছি। আশা করি ঈদের এই আনন্দকে সঙ্গী করে আগামীতে নতুন উদ্যমে কাজ শুরু করতে পারব। মন্ত্রী উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদেরকে দায়িত্ব ও নিষ্ঠার সাথে কাজ করার আহ্বান জানান।

মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি'র সভাপতিত্বে অনুষ্ঠানে মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারী ও দপ্তর সংস্থার প্রধানগণ উপস্থিত ছিলেন। ভারপ্রাপ্ত সচিব সকল কর্মকর্তা/কর্মচারীদের ঈদ শুভেচ্ছা জানান। তিনি আরও বলেন, ঈদ মানেই আনন্দ। এই আনন্দকে মনে ধারণ করে দিনের শেষে মন্ত্রণালয়ের কার্যক্রমকে এগিয়ে নিয়ে যাওয়ার দায়িত্ব আমাদের সবার।

ঈদোত্তর শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠান শেষে অত্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন) জাবেদ আহমেদ-এর শিক্ষা মন্ত্রণালয়ে বদলী হওয়ায় বিদায়ী অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নূরুল ইসলাম বিএসসি। মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি'র সভাপতিত্বে অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন) জাবেদ আহমেদ-এর বিদায়ী অনুষ্ঠানে এ মন্ত্রণালয় ও বিএমইটি'তে তার কর্মময় জীবন নিয়ে বক্তব্য রাখেন ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড এর মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস, এনডিসি, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা, মন্ত্রণালয়ের যুগ্মসচিব মোঃ মিজানুর রহমান, সিনিয়র সহকারী সচিব রুমানা রহমান শম্পা। অনুষ্ঠানটি সঞ্চলনা করেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (কল্যাণ ও মিশন) মোহাম্মদ আজহারুল হক।

